

## রাজশাহী বোর্ড ২৩ হাজার অকৃতকার্য

রাজশাহী অফিস >

এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডে এবার মোট উপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ চার হাজার ৮৮২ জন। এর মধ্যে পাস করেছে ৮১ হাজার ৩৩০ জন। ফেল করেছে ২৩ হাজার ৫৫২ জন।

পাসের হার ৭৭.৫৪ শতাংশ। এটা গতবারের চেয়ে কিছুটা কম। গতবারের চেয়ে কমছে জিপিএ ৫-এর সংখ্যাও।

পাস করা শিক্ষার্থীদের মধ্যে ছাত্রী ৮০,৬৭ এবং ছাত্র ৭৪,৮৯ শতাংশ। তবে জিপিএ ৫-এর দিক থেকে ছাত্রীদের চেয়ে এগিয়ে রয়েছে ছাত্ররা। এবার মোট জিপিএ ৫ পেয়েছে পাঁচ হাজার ২৫০ জন। এর মধ্যে ছাত্রী দুই হাজার ৩৮৫ জন এবং ছাত্র দুই হাজার ৮৬৫ জন।

গত বছরের চেয়ে দুই হাজার ৩৯১ জন কমছে। গত বছর জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ছিল সাত হাজার ৬৪১ জন।

রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শামসুল কালাম আজাদ বলেন, এবার রাজশাহী শিক্ষা বোর্ডে পাসের হার গতবারের চেয়ে কিছুটা কমছে। রাজনৈতিক পরিস্থিতি অস্থিতিশীলতার কারণে পাসের হার কমছে। রাজনৈতিক অস্থিরতার কারণে এ বছর টেস্ট পরীক্ষার পর পরই কলেজগুলোতে স্পেশাল ক্লাস নিতে পারেননি শিক্ষকরা। এতে করে ফলাফলে প্রভাব পড়েছে। সেই সন্দেহ কমছে জিপিএ ৫ পাওয়ার হারও।

রাজশাহী শিক্ষা বোর্ড সূত্র মতে, এবার ৬৯২টি কলেজের মোট পরীক্ষার্থী ছিল এক লাখ সাত হাজার ১০৯ জন। শতভাগ পাস করেছে ১৬টি কলেজ থেকে। আর পাঁচটি কলেজে সবাই ফেল করেছে।